



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com



স্মারক নং : সিশিবো/পনি/উমা/২০২১/৫২২

তারিখ: ৩০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার পরীক্ষা সংক্রান্ত মালামাল ও আনুষঙ্গিক কাগজপত্রাদি বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২১ সালের এইচএসসি পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈব্যক্তিক OMR সহ আনুষঙ্গিক কাগজপত্রাদি নিম্নে উল্লেখিত তারিখে বিতরণ করা হবে। পাবলিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ে মতবিনিময় সভায় কেন্দ্রের সম্মানিত ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জেলাভিত্তিক নিম্নলিখিত তারিখ অনুযায়ী বেলা ১১.০০ টায় শিক্ষা বোর্ড মিলনায়তনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, যাতায়াতের জন্য শিক্ষা বোর্ড থেকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। উক্ত সভা অতীব গুরুত্বপূর্ণ বিধায় কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকেই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

### বিতরণ সূচি :

সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলা : ২২/১১/২০২১ খ্রি. (সোমবার)  
মৌলভীবাজার ও সিলেট জেলা : ২৩/১১/২০২১ খ্রি. (মঙ্গলবার)

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ডকুমেন্ট সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে eSheba মেন্যু হতে ডাউনলোড করতে হবে।

eSheba মেন্যুতে ক্লিক করে User name এবং Password দিয়ে Login করে EXAMINATION DOCUMENT মেন্যু হতে সকল পরীক্ষার্থীর নামের তালিকা, রোল স্লিপ, স্বাক্ষরপত্র এবং কেন্দ্রে প্রেরিত প্রশ্নের সংখ্যার বিবরণ করে প্রিন্ট করতে হবে।

প্রাপক : ভারপ্রাপ্ত কর্মকর্তা  
এইচএসসি পরীক্ষা-২০২১  
(সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র)

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর অরুন চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

ফোন: ০২৯৯৬৬৪৩৪৩৫

RAKTA  
15.11.2021

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সিলেট বিভাগের সকল উপজেলা)।
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৬. সেকশন অফিসার (স্টোর), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
৭. সংরক্ষণ নথি।